

AP-2

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর.
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বরঃ- ৮০.১০৬.০১১.০০.০২.০০১.২০১৫.২০১

তারিখ : ০৭.১১.২০১৬ খ্রিঃ

বিষয় : নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন সমুদ্র পরিবহন অধিদপ্তরের আওতাধীন অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয়ের “পরিদর্শক” পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা প্রসঙ্গে।

নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন সমুদ্র পরিবহন অধিদপ্তরের আওতাধীন অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয়ের “পরিদর্শক” পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্ন বর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে :

তারিখ	বোর্ড সংখ্যা	পদের নাম, মন্ত্রণালয়/দপ্তরের নাম	সাক্ষাৎকারের সময়
২৪/১১/২০১৬ খ্রিঃ বৃহস্পতিবার	০১(এক)টি	পরিদর্শক নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন সমুদ্র পরিবহন অধিদপ্তরের আওতাধীন অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয়। ২য় শ্রেণির পদ	সকাল- ১০.৩০ মিনিট

২. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং BPS Form-3 পূরণ করেছেন এমন যোগ্য প্রার্থীদের নামে ডাকযোগে সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে। কোন প্রার্থী সাক্ষাৎকার পত্র না পেয়ে থাকলে আগামী ২২.১১.২০১৬ খ্রিঃ তারিখ (সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৪.০০ টা পর্যন্ত) অফিস চলাকালীন সময়ে দুই কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবিসহ কমিশন সচিবালয়ের ইউনিট-৬ (কক্ষ নং-৫৪১, ৬ষ্ঠ তলা) এ যোগাযোগপূর্বক ডুপ্লিকেট সাক্ষাৎকার পত্র সংগ্রহ করতে পারবেন। মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্র ত্রুটির ব্যাংকের মূল রশিদ (প্রার্থীর অংশ), শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র, চাকুরীরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল স্বাক্ষরিত মূল ছাড়পত্র এবং মৌখিক পরীক্ষার সাক্ষাৎকার পত্র অবশ্যই সংগে আনতে হবে। অন্যথায়, কোন প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেয়া হবে না। প্রার্থীকে পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে কমিশন সচিবালয়ে উপস্থিত হতে হবে।

৩. যোগ্য এবং অযোগ্য প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বরের তালিকা এবং মৌখিক পরীক্ষা সংক্রান্ত প্রমিত নির্দেশাবলী কমিশনের ওয়েব সাইটে www.bpsc.gov.bd পাওয়া যাবে। কেবলমাত্র যোগ্য প্রার্থীরাই সাক্ষাৎকারপত্রসহ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে প্রার্থীর জন্য মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ এবং ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।

৪. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং BPS Form-3 পূরণ করেছেন এমন যোগ্য প্রার্থীদের ০১(এক) সেট আবেদনপত্র (BPS Form-3) ওয়েব সাইট থেকে ডাউনলোড পূর্বক প্রয়োজনীয় সকল ডকুমেন্টস এর সত্যায়িত ছায়ালিপি সহ যথাসময়ে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হতে হবে এবং বোর্ডের দায়িত্বপ্রাপ্ত বিজ্ঞ সদস্যগণের ব্যক্তিগত কর্মকর্তার নিকট প্রয়োজনীয় সকল ডকুমেন্টস জমা দিতে হবে।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন]

[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

শেখ

[শেখ শাখাওয়াৎ হোসেন]

যুগ্ম-সচিব

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)

অপর পৃষ্ঠায় দৃষ্টব্যঃ